**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ৯৫/২০১৭-১৮**

**ঢাকা, মঙ্গলবার ১৪ নভেম্বর ২০১৭, ৩০ কার্তিক ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। রাষ্ট্রপতির সাথে বিএসএমএমইউ প্রতিনিধিদলের সাক্ষাৎ
উন্নত চিকিৎসার পাশাপাশি গবেষণায় গুরুত্ব দেওয়ার আহ্বান

২। ৭ মার্চের ভাষণের ওপর ই-বুক ও মোবাইল অ্যাপের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

৩। নিয়মিত কর পরিশোধ করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ট্যাক্স কার্ড প্রদান করলো এনবিআর

৪। গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট বিল-২০১৭ সংসদে পাস

৫। দানাদার খাদ্যশস্য উৎপাদনে দেশ প্রায় স্বনির্ভর : সংসদে কৃষিমন্ত্রী

৬। সিঙ্গাপুরের কাছে শুল্কমুক্ত রপ্তানি সুবিধা চায় বাংলাদেশ

৭। পুলিশের সদস্যের বিরুদ্ধে অভিযোগ তদন্তে আইজিপির কমপ্লেইন সেল চালু

৮। ঘোষণা ছাড়াই সঙ্গে রাখা যাবে ৫ হাজার ডলার : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন

৯। মেডিকেল ও ডেন্টাল ১ম বর্ষের ক্লাস শুরু আগামী ১০ জানুয়ারি

চলমান পাতা-২

**১।	রাষ্ট্রপতির সাথে বিএসএমএমইউ প্রতিনিধিদলের সাক্ষাৎ**
**উন্নত চিকিৎসার পাশাপাশি গবেষণায় গুরুত্ব দেওয়ার আহ্বান**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেন, 'চিকিৎসকদের সামাজিক দায়িত্ব অত্যধিক। চিকিৎসাক্ষেত্রে আধুনিকায়ন দ্রুতগতিতে হচ্ছে, তাই চিকিৎসকদের সর্বশেষ প্রযুক্তি সম্পর্কে ধারণা রাখতে হবে'। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খানের নেতৃত্বে ৮ সদস্যের একটি প্রতিনিধিদল গতকাল (১৩ নভেম্বর সোমবার) বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে সাক্ষাৎকালে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় দেশের একটি বিশেষায়িত শিক্ষাপ্রতিষ্ঠান। উন্নত চিকিৎসার পাশাপাশি গবেষণা কার্যক্রমে গুরুত্ব দেওয়ার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে পরামর্শ দেন তিনি। রাষ্ট্রপতি বিভিন্ন রোগ ও চিকিৎসা পদ্ধতি সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে উদ্যোগী হওয়ার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **যুগান্তর** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.২),**ডেইলি স্টার** (পৃ.৫,ক.১)।

**২।	৭ মার্চের ভাষণের ওপর ই-বুক ও মোবাইল অ্যাপের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের ওপর একটি বিশ্লেষণধর্মী গ্রন্থ, সেটির ই-বুক ও মোবাইল অ্যাপ্লিকেশন উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ ইউনেস্কোর বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য। গতকাল (১৩ নভেম্বর সোমবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকের শুরুতেই জাতির পিতার ৭ মার্চের ভাষণ থেকে নির্বাচিত ২৬টি বাক্যের ওপর 'বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ : রাজনীতির মহাকাব্য' শিরোনামের গ্রন্থের তিন ধরনের সংস্করণের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৬), **প্রথম আলো** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১),অবজারভার (পৃ.৩,ক.১)।

**৩।	নিয়মিত কর পরিশোধ করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ট্যাক্স কার্ড প্রদান করলো এনবিআর**

নিয়মিত আয়কর প্রদানকারী হিসেবে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আয়কর পরিচয়পত্র হস্তান্তর করা হয়েছে। একইসঙ্গে নিয়মিত কর প্রদান করে একটি অনুকরণীয় উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করায় প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানিয়েছে মন্ত্রিসভা। প্রধানমন্ত্রী শেখ হাসিনার আয়কর পরিচয়পত্র (ইনকাম ট্যাক্স কার্ড) তাঁর কাছে হস্তান্তর করেছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। গতকাল (১৩ নভেম্বর সোমবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে মন্ত্রিসভার বৈঠকের শুরুতে এনবিআর চেয়ারম্যান নজিবুর রহমান প্রধানমন্ত্রীর হাতে তাঁর আয়কর পরিচয়পত্র তুলে দেন। উল্লেখ্য, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৯৮২-৮৩ অর্থবছর হতে নিয়মিত আয়কর পরিশোধ করে আসছেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৮), **প্রথম আলো** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** পৃ.৯,ক.১),অবজারভার (পৃ.৩,ক.১)।

**৪।	গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট বিল-২০১৭ সংসদে পাস**

উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ ও গবেষণা পরিচালনার জন্য গম গবেষণা কেন্দ্র ও ভুট্টা শাখাকে বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউটে রূপান্তর করতে প্রয়োজনীয় বিধান প্রণয়নে জাতীয় সংসদে বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট বিল-২০১৭ পাস হয়েছে। গতকাল (১৩ নভেম্বর সোমবার) সংসদ অধিবেশনে কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী এ বিলটি পাসের প্রস্তাব করলে তা কণ্ঠভোটে পাস হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.৪,ক.৭), **নিউ নেশন** (পৃ.৩,ক.৬), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

**৫।	দানাদার খাদ্যশস্য উৎপাদনে দেশ প্রায় স্বনির্ভর : সংসদে কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী বলেছেন, বর্তমান সরকার রাষ্ট্র পরিচালনার দায়িত্ব গ্রহণের পর থেকে কৃষি উৎপাদনে অসামান্য সফলতা অর্জিত হয়েছে। দানাদার খাদ্যশস্যসহ সকল প্রকার ফসলের উৎপাদন বৃদ্ধি পেয়েছে। দানাদার খাদ্যশস্যে (চাল, গম, ভুট্টা) বাংলাদেশ প্রায় স্বনির্ভর। গতকাল (১৩ নভেম্বর সোমবার)

জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে এ তথ্য জানান। অপর এক প্রশ্নের জবাবে ভূমিমন্ত্রী শামসুর রহমান শরিফ জানান, গত ১০ বছরে বাংলাদেশ জলসীমায় ২৪টি চর জেগে উঠেছে। এসব চরে মোট ভূমির পরিমাণ এক লাখ ২৫ হাজার ৩৬৯ একর। সূত্র-ইত্তেফাক (পৃ.৩,ক.৫), **সমকাল** (পৃ.১,ক.৫)।



**৬। সিঙ্গাপুরের কাছে শুল্কমুক্ত রপ্তানি সুবিধা চায় বাংলাদেশ**

সিঙ্গাপুরে রপ্তানিযোগ্য সকল পণ্যে শুল্কমুক্ত সুবিধা চায় বাংলাদেশ। দেশটির সঙ্গে দ্বিপক্ষীয় বাণিজ্য বৃদ্ধিতে এ শুল্কমুক্ত সুবিধা বিশেষ ভূমিকা রাখবে বলে মনে করেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। একইসঙ্গে সিঙ্গাপুরের হাইকমিশনারকে বাংলাদেশে বিনিয়োগ করতে সেই দেশের ব্যবসায়ীদের উৎসাহিত করার আহ্বান জানিয়েছেন তিনি। গতকাল (১৩ নভেম্বর সোমবার) সচিবালয়ে সিঙ্গাপুরের হাইকমিশনার অনাবাসী চ্যান হেঙ্গ উইঙ্গের সঙ্গে বৈঠককালে দেশে পণ্য রপ্তানিতে শুল্কমুক্ত সুবিধা চান বাণিজ্যমন্ত্রী। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.১), **প্রথম আলো** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.১৩,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬)।

**৭। পুলিশের সদস্যের বিরুদ্ধে অভিযোগ তদন্তে আইজিপির কমপ্লেইন সেল চালু**

এখন থেকে পুলিশের যেকোনো সদস্যের বিরুদ্ধে ২৪ ঘন্টা পুলিশ হেডকোয়ার্টার্সে আইজিপি বরাবর লিখিত অভিযোগ করা যাবে। আর ওইসব অভিযোগের ভিত্তিতে পুলিশ সদস্যদের বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে। পুলিশ হেডকোয়ার্টার্স থেকে বলা হয়েছে, পুলিশ হেডকোয়ার্টার্সে 'আইজিপি'র কমপ্লেইন সেল' এখন থেকে সার্বক্ষণিক অর্থাৎ ২৪ ঘন্টাই চালু থাকবে। জনসাধারণ এখন থেকে পুলিশ সদস্যের যে কোনো অপেশাদার ও অনৈতিক কর্মকাণ্ড সম্পর্কে সরাসরি, কুরিয়ার সার্ভিস ও ডাকযোগে অথবা ০১৭৬৯৬৯৩৫৩৫, ০১৭৬৯৬৯৩৫৩৬ মোবাইল নম্বরে এবং ই-মেইলে এ সেলে অভিযোগ করতে পারবে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **প্রথম আলো** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬)।

**৮। ঘোষণা ছাড়াই সঙ্গে রাখা যাবে ৫ হাজার ডলার : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন**

বাংলাদেশের নাগরিকরা এখন থেকে কোনো রকম ঘোষণা ছাড়াই পাঁচ হাজার মার্কিন ডলার পরিমাণের বৈদেশিক মুদ্রা সবসময় সঙ্গে রাখতে পারবেন। এ জন্য বৈদেশিক মুদ্রার ঘোষণা ফরমে প্রয়োজনীয় সংশোধনী আনা হয়েছে। গতকাল (১৩ নভেম্বর সোমবার) বাংলাদেশ ব্যাংক এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করেছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **প্রথম আলো** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬)।

**৯। মেডিকেল ও ডেন্টাল ১ম বর্ষের ক্লাস শুরু আগামী ১০ জানুয়ারি**

আগামী ১০ জানুয়ারি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তনের দিন থেকে শুরু হবে দেশের সকল মেডিকেল ও ডেন্টাল কলেজের নতুন শিক্ষাবর্ষের কার্যক্রম। গতকাল (১৩ নভেম্বর সোমবার) সচিবালয়ে এমবিবিএস এবং বিডিএস ভর্তি প্রক্রিয়াসংক্রান্ত এক সভায় সভাপতিত্বকালে স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম এ ঘোষণা দেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **যুগান্তর** (পৃ.২,ক.৮), **সমকাল** (পৃ.১৫,ক.১)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** শীতলক্ষ্যা নদী দূষণ ও আবর্জনায় জর্জরিত হয়ে পড়ার বিষয়টি তুলে ধরে দেশের জরাজীর্ণ সব নদী ড্রেজিং করাসহ দু'পাড় সংরক্ষণ, ক্ষতিকর বর্জ্য ও পলিথিন ব্যাগ উত্তোলনের মাধ্যমে নদীগুলির প্রাণপ্রবাহ রক্ষা করার সুপারিশ।

**গ.** **প্রথম আলো :** কপোতাক্ষ নদে ঝিনাইদহের মহেশপুর পৌরসভার বর্জ্য নদের পাড়ে ফেলায় পানি দূষিত হওয়ার পাশাপাশি নদটি ভরাট হয়ে যাচ্ছে উল্লেখ করে পৌর মেয়রসহ মহেশপুর উপজেলা ও ঝিনাইদহের জেলা প্রশাসনের হস্তক্ষেপ কামনা ।

ঘ. **সমকাল :** সরকারি খাদ্যগুদাম প্রাসঙ্গিকতা হারালেও সরকারি এ স্থাপনা বিকল্প উপায়ে জনসাধারণের কল্যাণে কাজে লাগানোর আহ্বান।

ঙ. **যুগান্তর :** শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত কমিটির সভায় নেওয়া নতুন সিদ্ধান্ত শিক্ষাক্ষেত্রে যথাযথভাবে বাস্তবায়িত করাসহ কোচিং বাণিজ্য বন্ধে দুর্নীতিবাজ শিক্ষকদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।



চ. **ইন্ডিপেনডেন্ট :** সম্প্রতি আইসিটি প্রতিমন্ত্রী দেশে ২৮টি হাইটেক পার্ক নিমার্ণের ঘোষণা দেওয়ায় সরকারের এ সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে এসব পার্ক বিশ্বের অন্যান্য দেশের মতো ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স, টেলিকমিউনিকেশন এবং বায়োটেকনোলজির মতো শিল্পের প্রসারে সহায়ক হবে বলে আশা প্রকাশ।

ছ. **ডেইলি স্টার :** উত্তরা লেকে পূর্বপরিকল্পিতভাবে মৎস্যসম্পদের প্রাণহানি ঘটানোর ঘটনায় তীব্র নিন্দা জানিয়ে এ ব্যাপারে কঠোর আইনি ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষকে আহ্বান।

জ. **অবজারভার :** ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) সাম্প্রতিক গবেষণায় প্রকাশ করেছে, বাংলাদেশের পাঠ্যপুস্তক প্রণয়নে এবং পরিবর্তনে বিশেষ গোষ্ঠীকে প্রাধান্য দেওয়া হচ্ছে এবং পাঠ্যপুস্তক লেখায় মাননিয়ন্ত্রণ যথাযথভাবে হচ্ছে না উল্লেখ করে এ বিষয়ে শিক্ষামন্ত্রণালয়কে কার্যকর ভূমিকা রাখার সুপারিশ।

ঝ. **নিউ নেশন :** মুদ্রাপাচার রোধে কঠোর আইনের পাশাপাশি সরকারের কঠোর হস্তক্ষেপ প্রয়োজন বলে মতপ্রকাশ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**'বণিক বার্তা'** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, মধ্যম আয়ের দেশে উন্নীত হতে সরকারের নেওয়া ৭ দশমিক ৫ থেকে ৮ শতাংশ প্রবৃদ্ধি পূরণের জন্য ব্যক্তিখাত থেকে উল্লেখযোগ্য পরিমাণ বিনিয়োগ আসতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, স্বাধীনতার মহানায়ক হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, পৃথিবীর নির্যাতিত-নিপীড়িত মানুষের শ্রেষ্ঠ বন্ধু জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যে শ্রেষ্ঠ নেতা ইউনেস্কোর সিদ্ধান্তের মাধ্যমে আজ সেটা আরেকবার প্রমাণিত হয়েছে।

#

খাদীজা/ফাহিমা/মরজিনা/রশীদ/তানিয়া/৯.০০ ঘন্টা/২০১৭